

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

কদমতলী শাখা, চট্টগ্রাম।

### অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স জেকস ট্রেডিং কর্পোরেশন, স্বত্ত্বাধিকারী : জনাব আওরঙ্গজেব, পিতা: মৃত আবুল খায়ের, মাতা: আনোয়ারা বেগম, ব্যবসায়িক ঠিকানা: ১০৮০, ডি.টি.রোড, ধনিয়ালাপাড়া, চট্টগ্রাম। চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম। স্থায়ী ঠিকানা: ১০৫০, বি, উচ্ছাস ভবন, জংগী শাহ মাজার গেইট, বাদুরতলা, ঘোলশহর, চান্দগাঁও-৪২১২, পাচলাইশ, চট্টগ্রাম, বাংলাদেশ। কর্তৃক ইউসিবি, কদমতলী শাখা হইতে গৃহিত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রি কৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রি কৃত আমমোতার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংক কে প্রদান করা আছে। খণ্ড গ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ৩১.০৮.২০২৩ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট টাকা-৪,০০,৫০,০০০/- (চার কোটি পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/ নিজস্ব প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

#### **নিলামের শর্তাবলী**

(১) আগামী ০২.১০.২০২৩ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পি এল সি, গুলশান শাখায় রাখিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রি কৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্ভৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ভৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পি এল সি, গুলশান শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্রাই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়ান্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়ান্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

#### **বন্ধকী সম্পত্তির তফসিল**

১) জেলা : চট্টগ্রাম, থানাঃ পাঁচলাইশ (পুরাতন) চান্দগাঁও ((বর্তমান), মৌজাঃ চান্দগাঁও। আর এস খতিয়ান নং- ৩৪৬৬/৩৪২৮, আর.এস প্লট নং-২৪২৩/২৪২৪, বি এস খতিয়ান নং-৩০৪৯/৩৯৮৪, নামজারী জমাভাগ বি, এস: ৫৬৭১, বি, এস, প্লট নং ১২৫৮/১২৫৬, দাগাদির আন্দর- ১৩.৫৬ শতক জমি। মালিক : জনাব আওরঙ্গজেব, পিতা: মৃত আবুল খায়ের, মাতা: আনোয়ারা বেগম

২) জেলা : চট্টগ্রাম, থানাঃ ডবলমুরিৎ, বর্তমান হালিশহর, মৌজাঃ রামপুর। পূর্বের নামজারী খতিয়ান নং-৪/১৮৫, বি.এস প্লট নং-৮৪৩, ৮৪৪, ৮৪৬। ০.৭৫২ শতক জমি (১৫১১.১৩ বর্গফুট ফ্ল্যাট)। “আই পি এল মর্নিং ভিউ” “বি-১” নং-ফ্ল্যাট, রোড নং-০২, প্লট নং-৫, লেইন-০৩, ব্লক-জি, বর্তমান নামজারী জমাভাগ বি, এস- ২৮১১ (১৫১১ বর্গফুট ফ্ল্যাট), হালিশহর হাউজিং সোসাইটি, চট্টগ্রাম। মালিক : জনাব আওরঙ্গজেব, পিতা: মৃত আবুল খায়ের, মাতা: আনোয়ারা বেগম

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কদমতলী শাখা, চট্টগ্রাম।**